

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৯১৩  
আগরতলা, ১৮ সেপ্টেম্বর, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“আইজিএমে সুলভকর্মীদের সঙ্গে দুর্ব্যবহার, বিক্ষোভ” এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ১৭ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে, আইজিএম হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, গত ১৬ সেপ্টেম্বর, ২০২৫ থেকে আইজিএম হাসপাতালের সুইপিং স্টাফরা তাদের নবনিযুক্ত এটিএসএফ এজেন্টের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর কারণে তাদের কাজ বন্ধ রেখেছেন। পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মীদের অনুপস্থিতির ফলে গত ১৬ সেপ্টেম্বর, ২০২৫ থেকে আইজিএম হাসপাতালের ওটি, আইসিইউ এবং বিভিন্ন ওয়ার্ডগুলোতে সমস্যার সৃষ্টি হয়েছে। এছাড়াও, এটিএসএফ কর্তৃক সরবরাহকৃত পরিষ্কার করার সামগ্রীগুলোর গুণগত মানও খুবই নিম্নমানের। এই সমস্ত বিষয়গুলোর কারণে আইজিএম হাসপাতালের স্বাভাবিক কাজকর্ম ব্যাহত হয়েছে।

এদিকে, রোগীর সুবিধার্থে আইজিএম হাসপাতালের পরিচ্ছন্নতার কাজ শুরু করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ, আরএমও এবং ওয়ার্ড মাস্টারের সাথে এটিএসএফ এর এজেন্সির একটি পুঞ্জানুপুঞ্জ আলোচনা হয়েছে। আইজিএম হাসপাতাল কর্তৃপক্ষ এটিএসএফ এজেন্সিকে তাদের অভ্যন্তরীণ সমস্যা সমাধানের জন্য এবং ভবিষ্যতে হাসপাতালের ঝাড়ু দেওয়া ও পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য একটি সতর্কীকরণ চিঠি ইস্যু করেছেন। গত ১৭ সেপ্টেম্বর, ২০২৫ সন্ধ্যায়, স্বাস্থ্য অধিকারের অধিকর্তা, যুগ্মস্বাস্থ্য অধিকারের অধিকর্তা, আইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট, আরএমও, ওয়ার্ড মাস্টার এবং সকল কর্মকর্তার উপস্থিতিতে এটিএসএফ এর এজেন্সির কর্ণধার এবং সুইপিং কর্মীদের সাথে পুঞ্জানুপুঞ্জ আলোচনা করা হয়েছে এবং আলোচনার পর সেদিনই সন্ধ্যা ৬টা থেকে আইজিএম হাসপাতালের পরিচ্ছন্নতার কাজ শুরু হয়েছে।

\*\*\*\*\*